An Oifig Um
Chosaint Idirnáisiúnta
International
Protection Office

**আন্তর্জাতিক সুরক্ষার (IPO 1) আবেদনকারীদের জন্য তথ্য পুস্তিকার 3 নম্বর সংযোজন**

**<u>তথ্য বিজ্ঞপ্তি</u>**

**রাষ্ট্রে (আয়ারল্যান্ড) অবস্থান করার অনুমতি প্রদান করা হবে কি হবে না সে সংক্রান্ত মন্ত্রীর সিদ্ধান্ত সম্পর্কিত তথ্য**

আন্তর্জাতিক সুরক্ষা আইন 2015 এর 49(3) ধারা অনুযায়ী,*একজন আবেদনকারীকে (রাষ্ট্রে অবস্থান করার) অনুমতি প্রদান করা হবে কিনা সে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মন্ত্রীকে নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে বিবেচনায় নেয়ার পর আবেদনকারীর পারিবারিক ও ব্যক্তিগত পরিস্থিতি এবং নিজের ব্যক্তিগত ও পারিবারিক জীবন রক্ষা করায় তার অধিকার বিবেচনায় রাখতে হবে—*

*(a) রাষ্ট্রের সাথে আবেদনকারীর সংযোগের প্রকৃতি, যদি থাকে,*
*(b) মানবিক বিবেচনা,*
*(c) রাষ্ট্রের অভ্যন্তরীণ এবং (প্রযোজ্য ক্ষেত্রে ও নিরূপণযোগ্য হলে) রাষ্ট্রের বাইরে আবেদনকারীর চরিত্র ও আচরণ (যেকোনো ফৌজদারি দণ্ডাদেশও এর অন্তর্ভুক্ত),*
*(d) জাতীয় নিরাপত্তা ও জনশৃঙ্খলা বিবেচনা, এবং*
*(e) সাধারণভাবে উপকারী অন্য যেকোনো বিবেচনা।*

**দ্রষ্টব্য:**

যদিও স্বাভাবিকভাবেই আবেদনকারীদের বিরুদ্ধে রাষ্ট্রে রেকর্ডকৃত ফৌজদারি দণ্ডাদেশের বিবরণ মন্ত্রী পেয়ে যাবেন, এটি লক্ষ্য করার বিষয় যে, আবেদনকারীদেরও তাদের বিরুদ্ধে রাষ্ট্রের ভিতরে ও বাইরে রেকর্ডকৃত যেকোনো ফৌজদারি দণ্ডাদেশের তথ্য মন্ত্রীর কাছে প্রদান করতে হবে।

**আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর**
**আগস্ট 2019**